DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 06 Oct 2026, 04:48 AM

আন্তর্জাতিক

কলকাতায় অগ্নিকাণ্ড: সেই হোটেল মালিক গ্রেপ্তার

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM

ভারতের কলকাতায় মির্জা গালিব স্ট্রিটের একটি আবাসিক হোটেলে আগুনের ঘটনায় হোটেলের মালিক (লিজ হোল্ডার) আবু জাফরকে গ্রেপ্তার করেছে পুলিশ। এ ঘটনায় ওই হোটেলের ম্যানেজার ও এক কর্মীকেও জিজ্ঞাসাবাদের জন্য আটক করা হয়েছে।

বুধবার গভীর রাতে তাদেরকে আটক ও গ্রেপ্তার করা হয় বলে জানিয়েছে ভারতীয় সংবাদমাধ্যম এই সময়।

এর আগে মঙ্গলবার দিবাগত রাত পৌনে ২টার দিকে মির্জা গালিব স্ট্রিটের ওই আবাসিক হোটেলে আগুন লাগে। আগুন লাগার সময় হোটেলের অধিকাংশ অতিথি ঘুমিয়ে ছিলেন।

এ ঘটনায় অন্তত নয়জন নিহত হয়েছেন। নিহত ব্যক্তিদের মধ্যে পাঁচজন বাংলাদেশি রয়েছেন বলে জানিয়েছে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়।

বুধবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম জানান, কলকাতার নিউমার্কেট এলাকায় সংঘটিত অগ্নিকাণ্ডে নিহত বাংলাদেশিদের মরদেহ দ্রুত দেশে ফিরিয়ে আনা হবে।

তিনি বলেন, হোটেল অগ্নিকাণ্ডে ৫ বাংলাদেশি নাগরিকের মরদেহ শনাক্ত করা গেছে। এদের মধ্যে চারজন একই পরিবারের সদস্য।

এ বিভাগের আরও খবর

চিকিৎসাবিজ্ঞানে নোবেল পেলেন ডাইসেরোথ, হেগেম্যান ও নাগেল

২০২৬ সালের নোবেল পুরস্কার ঘোষণা শুরু হয়েছে। প্রথম দিনেই চিকিৎসাবিজ্ঞানে নোবেল পুরস্কারজয়ীদের নাম ঘোষণা করা হয়েছে। আলো ব্যবহার করে জীবন্ত কোষ...

পরমাণু অস্ত্র তৈরির পরিকল্পনা থেকে ইরান সরে এসেছে, দাবি ট্রাম্পের

তেহরানের সঙ্গে চলমান যুদ্ধে ইরানকে পরমাণু অস্ত্র তৈরি থেকে বিরত রাখা যুক্তরাষ্ট্রের অন্যতম প্রধান লক্ষ্য। তবে এবার ট্রাম্প দাবি করেছেন, ইরান...

সীমান্তে অনুপ্রবেশের ঘটনায় পাকিস্তানি কূটনীতিককে তলব ভারতের

সীমান্ত দিয়ে অনুপ্রবেশ এবং সীমান্ত এলাকায় পাকিস্তানি মাদক চক্রের তৎপরতার অভিযোগে পাকিস্তানের কাছে কড়া প্রতিবাদ জানিয়েছে ভারত।ভারতীয় সংবাদ সং...

রিয়াদে আরামকো স্থাপনায় ক্ষেপণাস্ত্র-ড্রোন হামলার দাবি হুতিদের

সৌদি আরবের রাজধানী রিয়াদে রাষ্ট্রীয় তেল কোম্পানি আরামকোর একটি স্থাপনায় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ও ড্রোন দিয়ে হামলার দাবি করেছে ইয়েমেনের সশস্...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/international/klkatay-ognikand-sei-hotel-malik-greptar